



সাধারণ বীমা কর্পোরেশন

SADHARAN BIMA CORPORATION

(অর্থনৈতিক নিরাপত্তার প্রতীক)

মানব সম্পদ বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।

www.sbc.gov.bd

স্মারক নং- ৫৩.০৭.০০০০.২০১.১১.০০১.২৬.৬৭৬

তারিখঃ ৩০ এপ্রিল, ২০২৬খ্রি.

ভাসনিম ফারহানা হক

পিতা: এ.কে.এম. সিরাজুল হক

ফ্ল্যাট # আই-৭, ১৫০/১

শাহ আলীবাগ, ওয়ার্ড-১২

মিরপুর, ঢাকা-১২১৬।

বিষয়ঃ মেডিকেল অফিসার (খন্ডকালীন) পদের চাকরির মেয়াদ বৃদ্ধি।

আপনার আবেদনের প্রেক্ষিতে সাধারণ বীমা কর্পোরেশনের কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী নিম্নবর্ণিত শর্তে 'মেডিকেল অফিসার (খন্ডকালীন)' পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে আপনার চাকরির মেয়াদ আগামী ০৬-০৫-২০২৬খ্রি. হতে পরবর্তী ১ (এক) বছরের জন্য অর্থাৎ ০৫-০৫-২০২৭খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলোঃ

- ০১। মাসিক সম্মানী সর্বসাকুল্যে ৬০,০০০/- (ষাট হাজার মাত্র) টাকা (সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও উৎস কর কর্তনযোগ্য)। এছাড়া অন্য কোন আর্থিক সুবিধা প্রদান করা হবে না;
- ০২। সরকারি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত প্রতি কর্মদিবসে সকাল ৯:০০ ঘটিকা থেকে ১:০০ ঘটিকা পর্যন্ত (৪ ঘণ্টা) বিরতিহীনভাবে চিকিৎসকের দায়িত্ব পালন করতে হবে (যা অফিস সময়ের সাথে পরিবর্তনযোগ্য);
- ০৩। অফিস সময়ে কর্পোরেশনের রোগী (কর্মচারী এবং তাদের পোষ্য) দেখার জন্য কোন ফি প্রদান করা হবে না;
- ০৪। কর্তৃপক্ষের পূর্বানুমতি সাপেক্ষে বছরে ২০ (বিশ) দিন নৈমিত্তিক ছুটি ভোগ করতে পারবেন। এ ছাড়া অন্য কোন প্রকার ছুটি সম্মানীসহ ভোগ করতে পারবেন না;
- ০৫। তিন দিনের বিলম্বিত উপস্থিতি অথবা নির্ধারিত সময়ের পূর্বে অফিস ত্যাগ করার জন্য ১ (এক) দিনের নৈমিত্তিক ছুটি অথবা ১ (এক) দিনের সমপরিমান সম্মানী কর্তন করা হবে;
- ০৬। অননুমোদিত অনুপস্থিতির জন্য আনুপাতিক হারে সম্মানী কর্তন করাসহ নিয়োগ বাতিল করা যাবে;
- ০৭। প্রত্যেক কর্মদিবসে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে হাজিরা প্রদান করতে হবে;
- ০৮। এ নিয়োগ যে কোন পক্ষের ১ (এক) মাসের আগাম নোটিশে বাতিল করা যাবে;
- ০৯। এ নিয়োগ হবে ১ (এক) বছরের জন্য। সেবার মান সন্তোষজনক হলে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে এ নিয়োগের মেয়াদ নবায়ন/বৃদ্ধি করা যেতে পারে;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য



সাধারণ বীমা কর্পোরেশন

SADHARAN BIMA CORPORATION

(অর্থনৈতিক নিরাপত্তার প্রতীক)

মানব সম্পদ বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।

www.sbc.gov.bd

পূর্ব পৃষ্ঠার পরঃ

-২-

১০। এ খন্ডকালীন অস্থায়ী নিয়োগ সাধারণ বীমা কর্পোরেশনের কর্মচারী প্রবিধানমালা, ১৯৯২ দ্বারা পরিচালিত হবে না;

১১। এ নিয়োগ পত্রের পরিপ্রেক্ষিতে যোগদানের জন্য কোন টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

বর্ণিত শর্তাবলী সম্বলিত এ নিয়োগপত্র গ্রহণযোগ্য হলে আগামী ০৬-০৫-২০২৬খ্রি. তারিখে সাধারণ বীমা কর্পোরেশনের জি.এম. (মানব সম্পদ) সচিবালয়, প্রধান কার্যালয়, ৩৩ দিলকুশা বা/এ, ঢাকা-এ যোগদান করার জন্য আপনাকে পরামর্শ দেয়া হলো। নির্ধারিত তারিখে যোগদান না করলে আর কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই স্বয়ংক্রিয়ভাবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

(ওয়াসিফুল হক)

মহাব্যবস্থাপক (মানব সম্পদ)

সদয় জ্ঞাতার্থে:

১. পিএস টু এম.ডি, সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

১. উপমহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাবরক্ষণ বিভাগ, সার্বিক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. উপমহাব্যবস্থাপক, অডিট এন্ড কমপ্লায়েন্স বিভাগ, সার্বিক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. উপমহাব্যবস্থাপক, আইটি বিভাগ, সার্বিক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপমহাব্যবস্থাপক, মানব সম্পদ বিভাগ, সার্বিক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. সহকারী মহাব্যবস্থাপক, অর্থ ও হিসাব বিভাগ, সার্বিক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. অফিস কপি।